অনলাইনে আবেদনপত্র প্রদানের বিজ্ঞপ্তি


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-৩, ঢাকা
৩৫, পাইওনিয়ার রোড "আয়েশা মঞ্জিল", কাকরাইল, ঢাকা।
www.taxeszone3dhaka.gov.bd


নথি নং-১ই-১/কঃ অঃ-৩(প্রশাঃ)/বিঃ নিঃ ও পদোঃ/২০২১-২০২২/ ৭০১

তারিখঃ ২১ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ / ০৬ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, শাখা-৩(আয়কর) এর স্মারক নং-০৮.০০.০০০০.০৩৭.১১.০০১.১৯.১২৯/১(৩), তারিখঃ ০৬/০৯/২০২০খ্রি. এবং জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর স্মারক নং-০৮.০১.০০০০.০২২.০২.০০১.১৯/৪৭৬(১), তারিখঃ ৩০/০৬/২০২০খ্রি. অনুযায়ী প্রাপ্ত ছাড়পত্রের ভিত্তিতে কর অঞ্চল-৩, ঢাকার শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে বিধি মোতাবেক সরাসরি কোটায় জনবল নিয়োগের জন্য নিম্নবর্ণিত পদসমূহে শর্তসাপেক্ষে ঢাকা বিভাগের অন্তর্গত নিম্নবর্ণিত জেলাসমূহের প্রকৃত স্থায়ী বাসিন্দা/নাগরিকদের নিকট হতে পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের শর্তসাপেক্ষে অনলাইনে **http://tax3.teletalk.com.bd** ওয়েবসাইটে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র. নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | শূণ্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | ঢাকা সিভিল ডিভিশনের (ঢাকা বিভাগ) যে সকল জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১১<br>১২,৫০০-৩০,২৩০/- | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক(সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজীতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে **Standard Aptitude Test** এ উত্তীর্ণ হতে হবে (কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী)। | ঢাকা সিভিল বিভাগের (ঢাকা বিভাগ) অন্তর্গত ঢাকা, গাজীপুর, মুন্সীগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, মাদারীপুর, রাজবাড়ী, শরিয়তপুর, কিশোরগঞ্জ ও টাঙ্গাইল জেলা।<br><br>তবে ঢাকা বিভাগের সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২. | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৩<br>১১,০০০-২৬,৫৯০/- | ০৩ (তিন) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে;<br>(ঘ) সাঁটলিপি লিখনে ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ৮০ শব্দ ও বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ৫০ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষরে ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ৩০ শব্দ ও বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২৫ শব্দ। | |
| ৩. | উচ্চমান সহকারী<br>গ্রেড-১৪<br>১০,২০০-২৪,৬৮০/- | ০৪ (চার) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার বেসিক ট্রেনিং কোর্সে উত্তীর্ণ (স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার চালনা সম্পর্কিত কোর্স);<br>(গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৪. | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৪<br>১০,২০০-২৪,৬৮০/- | ০৫ (পাঁচ) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে;<br>(ঘ) সাঁটলিপি লিখনে ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ৭০ শব্দ ও বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ৪৫ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষরে ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ৩০ শব্দ ও বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২৫ শব্দ। | |
| ৫. | গাড়ি চালক<br>গ্রেড-১৬<br>৯,৩০০-২২,৪৯০/- | ০২ (দুই) টি | (ক) ৮ম শ্রেণী বা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) হালকা যানবাহন চালনায় বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী;<br>(গ) গাড়ী চালানোর বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। | |
| ৬. | নোটিশ সার্ভার<br>গ্রেড-২০<br>৮,২৫০-২০,০১০/- | ০২ (দুই) টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঢাকা সিভিল বিভাগের (ঢাকা বিভাগ) অন্তর্গত ঢাকা, গাজীপুর, মুন্সীগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী ও কিশোরগঞ্জ জেলা।<br>তবে ঢাকা বিভাগের সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৭. | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>৮,২৫০-২০,০১০/- | ০১ (এক) টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৮. | নিরাপত্তা প্রহরী<br>গ্রেড-২০<br>৮,২৫০-২০,০১০/- | ০১ (এক) টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |

আবেদন ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ করতে হবে ঃ

১. সকল পদের ক্ষেত্রেই আবেদনকারীর বয়সসীমা ০১ নভেম্বর ২০২১ তারিখে ১৮-৩০ বছর হবে। তবে যে প্রার্থীদের বয়স ২৫ মার্চ, ২০২০ তারিখে ৩০ বৎসরের মধ্যে থাকবে তারাও আবেদন করতে পারবেন। মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। উল্লেখ্য, সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর, সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদের কর বিভাগের বিভাগীয় প্রার্থীদের বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
২. সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।
৩. সরকারি নীতিমালা অনুযায়ী কোটা বন্টন করা হবে ।
৪. লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
৫. এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
৬. বিজ্ঞপ্তি পত্রিকা ছাড়াও কর অঞ্চল-৩, ঢাকার www.taxeszone3dhaka.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

৭. নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৮. সার্টিফিকেট,জন্ম তারিখ, জাতীয় পরিচয়পত্র, জন্মস্থান সংক্রান্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রার্থীর যোগ্যতা যাচাইয়ে প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল,মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রের মূল কপি প্রদর্শনপূর্বক প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত সকল সনদের ফটোকপি দাখিল করতে হবে।

ক. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্যক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ) ।

খ. প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।

গ. মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি।

ঘ. শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধার কোটার আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পিতা-মাতার/পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের পিতার পিতা-মাতা/মাতার পিতা-মাতার মুক্তিযোদ্ধার সনদপত্র।

ঙ. আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র কন্যা হলে আবেদনপত্রের সাথে মুক্তিযোদ্ধার সনদপত্র এবং আবেদনকারীর সাথে সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রত্যয়নপত্র।

চ. প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ছ. গাড়ী চালক পদের প্রার্থীর ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত অনুলিপি।

জ. জাতীয় পরিচয়পত্র (NID)/জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।

ঝ. Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy)।

৯. অসম্পূর্ণ/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ এবং চাকুরির বিজ্ঞপ্তিতে প্রকাশিত ন্যূনতম যোগ্যতার সাথে যেমনঃ বয়স, শিক্ষাগত যোগ্যতা, কোটা, জেলা ইত্যাদি যেকোন বিষয়ে অসামঞ্জস্যপূর্ণ তথ্য দ্বারা পূরণকৃত আবেদন নিয়োগের যেকোন পর্যায়ে বাতিল করা হবে। এক্ষেত্রে প্রার্থীর কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১০. উপরে উল্লেখ করা হয়নি কিন্তু প্রযোজ্যতা রয়েছে এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১১. <u>অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলিঃ</u>

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি **http://tax3.teletalk.com.bd** এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) **Online**-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১৪-১২-২০২১ খ্রি., সকাল ১০:০০ ঘটিকা।

(ii) **Online**-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০২-০১-২০২২ খ্রি., বিকাল ০৫:০০ ঘটিকা।

উক্ত সময়সীমার মধ্যে **User ID** প্রাপ্ত প্রার্থীগণ **Online**-এ আবেদনপত্র **Submit** এর সময় থেকে ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. **Online** আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ **pixel**) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ **pixel**) স্ক্যান করে নির্ধারিত স্থানে **Upload** করবেন।

গ. **Online** আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু **Online**-এ আবেদনপত্র **Submit** করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী **Online**-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. **SMS** প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: **Online**-এ আবেদনপত্র **(Application Form)** যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর **upload** করে আবেদনপত্র **Submit** করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ **Application Preview** দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র **Submit** করা প্রার্থী একটি **User ID**, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি **Applicant's copy** পাবেন। উক্ত **Applicant's copy** প্রার্থী **download** পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। **Applicant's** কপিতে একটি **User ID** নম্বর দেয়া থাকবে এবং **User ID** নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন **Teletalk pre-paid mobile** নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি **SMS** করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ১-৫ নং পদের জন্য ১০০/- টাকা; টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- টাকাসহ মোট ১১২/- (একশত বার) টাকা এবং ৬-৮ নং পদের জন্য ৫০/- টাকা; টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬/-টাকাসহ মোট ৫৬/-(ছাপান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, **"Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"**।

প্রথম **SMS: TAX3<space>User ID** লিখে **Send** করতে হবে **16222** নম্বরে।

**Example: TAX3 ABCDEF**

**Reply: Applicant's Name, Tk.112/56 will be charged as application fee, Your PIN is 12345678, To pay fee Type TAX3<Space>Yes<Space>PIN and send to 16222** নম্বরে।

দ্বিতীয় **SMS: TAX3<space>Yes<space>PIN** লিখে **Send** করতে হবে **16222** নম্বরে।

**Example: TAX3 YES 12345678**

**Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for TAX3 Application for post xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).**

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://tax3.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে **SMS** এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। **Online** আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, **SMS** পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. **SMS**-এ প্রেরিত **User ID** এবং **Password** ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী **Download** পূর্বক রঙ্গিন **Print** করে নিবেন। প্রার্থী এ প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত **SMS** পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ **User ID** এবং **Password** পুনরুদ্ধার করতে পারবেন।

(i) **User ID** জানা থাকলে **TAX3<space>Help<space>User<space>User ID & Send to 16222.**
**Example: TAX3 Help User ABCDEF & send to 16222.**

(ii) **PIN Number** জানা থাকলে: **TAX3<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.**
**Example: TAX3 Help PIN 12345678 & send to 16222.**

(iii) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবে। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(iv) **Online**-এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা zone3dhk@yahoo.com বা alljobs.query@teletalk.com.bd এ মেইল করা যেতে পারে। **Mail** এর **subject- Organization Name: Taxeszone3,Dhaka Post Name ***** Applicant's User ID** ও **Contact Number** অবশ্যই উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-
০৬-১২-২০২১ খ্রি.

উপ কর কমিশনার
সদর দপ্তর (প্রশাসন)
কর অঞ্চল-৩, ঢাকা
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন/পদোন্নতি কমিটি
কর অঞ্চল-৩, ঢাকা
ফোনঃ ৪৮৩১০৫৫২